

এলপি গ্যাস লিমিটেড
(বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের একটি অঙ্গ প্রতিষ্ঠান)
উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম।

বিষয় : “উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন” সংক্রান্ত সভার কার্যবিবরণী।

এলপি গ্যাস লিমিটেডের “বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন” সংক্রান্ত কমিটির সভা প্রতিষ্ঠানের উপ মহাব্যবস্থাপক (চট্টগ্রাম প্ল্যান্ট) এর সভাপতিত্বে ১৩/০৭/২০২০ তারিখ দুপুর ০২.০০ ঘটিকায় ডিজিএম (চট্টগ্রাম প্ল্যান্ট) এর কক্ষে অনুষ্ঠিত হয়।


২.০ আলোচনা :

সভার প্রারম্ভে সভাপতি ইনোভেশন কমিটির সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে স্বাস্থ্যবিধি মেনে সভা শুরু করেন এবং প্ল্যান্টের সার্বিক বিষয়ের খোঁজ খবর নেন। পরবর্তীতে প্ল্যান্টের ইনোভেশন কমিটির সদস্যবৃন্দের নিকট উদ্ভাবন কর্মপরিকল্পনা সম্পর্কিত মতামত জানতে চান। এমতাবস্থায় কমিটির সদস্যবৃন্দ প্রচলিত জাতীয় পরিচয় পত্রের বিপরীতে সরকার নির্ধারিত মূল্যে প্রত্যেক নাগরিককে প্রতি মাসে সর্বোচ্চ ২ (দুই) সিলিন্ডার বিতরণ ব্যবস্থা ভোক্তা কার্ড বিতরণের মাধ্যমে সহজিকরণ করা হয়েছে মর্মে মতামত ব্যক্ত করেন। এলপিজি সিলিন্ডার বিতরণ ব্যবস্থায় অধিকতর সচ্ছতা আনয়নের জন্য সফটওয়্যারের মাধ্যমে যাচাই বাছাই করার নিমিত্তে কমিটির সদস্যবৃন্দ মত প্রকাশ করেন। এছাড়াও বাস্তবায়িত বিষয়সমূহ মডিফিকেশনের মাধ্যমে আরো যুগোপযোগি ও নতুন উদ্ভাবনী বিষয়গুলোতে কমিটির সদস্যবৃন্দ অধিক গুরুত্বারোপ করেন এবং প্রতিবারের ন্যয় উদ্ভাবন সংক্রান্ত বিষয়ে আগ্রহী হওয়ার জন্য সকল কর্মকর্তা ও কর্মচারীকে উদ্বুদ্ধ করার মাধ্যমে উদ্ভাবনী কার্যক্রমকে ত্বরান্বিত করার বিষয়ে আশাবাদ ব্যক্ত করেন।

৩.০ সিদ্ধান্ত :

- ক) এলপিজি সিলিন্ডার বিতরণ ব্যবস্থায় অধিকতর সচ্ছতা আনয়নের জন্য সফটওয়্যারের মাধ্যমে যাচাই বাছাই করণের ব্যবস্থার প্রবর্তন।
খ) উদ্ভাবন সংক্রান্ত বিষয়ে আগ্রহী হওয়ার জন্য সকল কর্মকর্তা ও কর্মচারীকে উদ্বুদ্ধ করণ।

পরিশেষে সভায় আলোচনার মত আর কোন বিষয়বস্তু না থাকায় সভায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


১৫/০৭/২০২০

(মোঃ ছিদ্দিক হোসেন)

আহবায়ক